# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 03 July, 2025

ময়মনসিংহে মাদক (গাঁজা) সেবনের সময় ছুরিকাঘাতে ছুরিকাঘাতে মজনু মিয়া (৩২) নামের এক অটোরিকশাচালক নিহত হয়েছেন।বুধবার (২ জুলাই) সন্ধ্যা সাড়ে সাতটার দিকে শহরের শম্ভুগঞ্জের পুলিয়ামারী এলাকায় এ ঘটনা ঘটে।পরে স্থানীয়রা ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় মজনু মিয়ার মৃত্যু হয়।

নিহত মজনু মিয়ার বাড়ি জেলান মুক্তাগাছা উপজেলার শিবপুর গ্রামের ফারুক মিয়ার ছেলে।পরিবারের সদস্যদের নিয়ে শহরের জেল রোড তালতলা এলাকায় ভাড়া বাসায় থাকতেন।সেখান থেকেই রিকশা চালিয়ে জীবিকা নির্বাহ করতেন তিনি।

কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শিবিরুল ইসলাম ছুরিকাঘাতে অটোরিকশা চালক মজনু মিয়ার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, প্রতিদিনের মতো গত বুধবার দুপুরে মজনু মিয়া অটোরিকশা নিয়ে বের হন।সন্ধ্যার দিকে এক বন্ধুকে নিয়ে শম্ভুগঞ্জের পুলিয়ামারী এলাকায় মাদক সেবন করতে আসেন মজনু মিয়া।সেখানে মাদক সেবনের সময় দুই জনের মাঝে কথাকাটি হয়।কথা কথাকাটির একপর্যায়ে তার বন্ধু মজনুর গলা ও পেটে উপর্যুপরি ছুরিকাঘাত করে পালিয়ে যায়।স্থানীয় লোকজন তাঁকে উদ্ধার করে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসাধীন অবস্থায় মজনু মৃত হয়।

কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শিবিরুল ইসলাম বলেন, ধারণা করা হচ্ছে, তার এক বন্ধুকে নিয়ে পুলিয়ামারী এলাকায় মাদক সেবন করতে যায়।তবে, কে বা কাকে নিয়ে সেখানে গিয়েছিল, তা এখনো জানা যায়নি।হত্যাকান্ডে জড়িত ব্যক্তিকে শনাক্ত করে আইনের আওতায় আনতে পুলিশ কাজ করছে।এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে।

নিহত অটোরিকশা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 06:59

URL: https://timestodaybd.com/public/mymensingh/414397938